**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-১৪৪-আইন/২০২৬/৩৪৯-মূসক**।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর First Schedule এর কলাম (1) এর শিরনামা সংখ্যা (Heading No.) 27.11 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 2711.21.00 এর আওতাধীন প্রাকৃতিক গ্যাস ব্যবহারপূর্বক ক্যাপটিভ পাওয়ার এর মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে স্থানীয়ভাবে সরবরাহকৃত গ্যাস এর উপর স্থানীয় উৎপাদন পর্যায়ে সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে অব্যাহতি প্রদান করা করিল, যথা:-

**শর্তাবলি:**

(ক) এই অব্যাহতি সুবিধা শুধুমাত্র শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠানে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

(খ) উৎপাদিত বিদ্যুৎ শুধুমাত্র শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠানে সরবরাহ করিতে হইবে;

(গ) কোনো অবস্থাতেই রপ্তানিকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন অন্যকোনো অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হইবে না;

(ঘ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে Industrial IRC holder VAT compliant উৎপাদনকারী শিল্প হইতে হইবে;

**ব্যাখ্যা।-**

(অ) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে; এবং

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত এবং নিয়মিত দাখিলপত্র পেশ করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(ঙ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে শুল্কায়নের সময় উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিল করিতে হইবে এবং উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয়

উপকরণ ও খুচরা যন্ত্রাংশ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফরম মূসক-৪.৩ এ উপকরণ হিসেবে উল্লেখ থাকিতে হইবে;

(চ) সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অব্যাহতিপ্রাপ্ত মূল্য সংযোজন করের মাস ভিত্তিক পরিমাণসহ যাবতীয় অর্থের হিসাব বিবরণী সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটকে লিখিতভাবে অবহিত করিতে হইবে;

(ছ) প্রতিষ্ঠানটির কারখানা বা উৎপাদনস্থলে রপ্তানিকার্যে ব্যবহৃত মিটার নম্বরসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারের নিকট আবেদন করিতে হইবে;

(জ) একই মিটার যদি একাধিক প্রতিষ্ঠান ব্যবহার করে যাহার প্রত্যেকটি প্রতিষ্ঠান রপ্তানি পণ্য উৎপাদন করেনা তাহা হইলে গ্যাস বিলের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করিতে হইবে অর্থাৎ এই ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হইবে না; এবং

(ঝ) প্রতিষ্ঠানটি যে মাসের বিল হইতে আলোচ্য অব্যাহতি সুবিধা গ্রহণ করিতে আগ্রহী সেই মাসের ১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট আবেদন করিতে হইবে।

২। আবেদন প্রাপ্তির পর কমিশনার সরেজমিনে রপ্তানি কার্যক্রম পরীক্ষাপূর্বক আবেদনকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর ও দাখিলপত্র যাচাইপূর্বক সন্তুষ্ট হইলে সুনির্দিষ্ট মিটারের বিপরীতে মূসক অব্যাহতি কার্যকর হওয়ার আদেশ জারি করিবেন এবং উহা সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন, যেই মাসের বিল হইতে আলোচ্য অব্যাহতির সুবিধা প্রযোজ্য হইবে সেই মাসের নাম উক্ত আদেশে সুস্পষ্টরূপে উল্লেখ করিতে হইবে।

৩। মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সহিত এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য **পরিশিষ্ট-ক** এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবে।

৪। স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী **পরিশিষ্ট-খ** এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করিবেন।

৫। বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাইলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানির সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করিলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তাহা বাতিল করিতে পারিবেন।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে, সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৭। উল্লিখিত অনুচ্ছেদ-১ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৩, ৪ ও ৬ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৮। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

**পরিশিষ্ট-ক**

**গ্যাস ব্যবহারের ক্ষেত্রে মূসক অব্যাহতির প্রতিষ্ঠানওয়ারী বিবরণী**

মাস:.....................................

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের মূসক নিবন্ধন নম্বর | পণ্য উৎপাদনকার্যে ব্যবহৃত মিটার নম্বর | বিল নং ও তারিখ | বিলের মেয়াদ | বিলের পরিমাণ (মূসক বাদে) | মোট প্রদেয় মূসক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |

ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
নাম, স্বাক্ষর ও তারিখ

**পরিশিষ্ট-খ**

মূল্য সংযোজন কর সার্কেলের নাম:.............................................................

**গ্যাস ব্যবহারের ক্ষেত্রে মূসক অব্যাহতির প্রতিষ্ঠানওয়ারী বিবরণী**

মাস:..................................

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের মূসক নিবন্ধন নম্বর | বিল প্রদানকারী দপ্তরের নাম ও ঠিকানা | মোট বিলের সংখ্যা | বিলের মেয়াদ | বিলের পরিমাণ (মূসক বাদে) | মোট প্রদেয় মূসক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |

রাজস্ব কর্মকর্তার মন্তব্য
স্বাক্ষর ও তারিখ

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**( মোঃ আবদুর রহমান খান এফসিএমএ )**
**সচিব**